

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং -৪৫.১৭৪.০০২.১৬.০০.০১৬.২০১১-০৪

তারিখ : ০৬.০১.২০১৪ খ্রিঃ

প্রেরক : হুমায়রা সুলতানা
উপ-সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস” প্রোগ্রামের অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থের জিওবি খাত হতে ৩য় কিস্তি বাবদ ২৫০.০০ লক্ষ (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা অবমুক্তি সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৯.০৮.২০১৩ তারিখের ৪৫.১৭৪.০০২.১৬.০০.০১৬.২০১১-৩২৯ সংখ্যক স্মারকের অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে “নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস” (কোড নং-৫-২৭১৬-৫০২০) শীর্ষক প্রোগ্রামের অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থের জিওবি খাত হতে নিম্নরূপে ৩য় কিস্তি বাবদ ২৫০.০০ লক্ষ (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ছাড়করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছিঃ-

(অংক সমূহ লক্ষ টাকায়)

| বাস্তবায়নকারী সংস্থার নাম | প্রকল্পের নাম ও কোড নম্বর | অনুমোদনের পর্যায় | কিস্তির নাম | রাজস্ব খাতের অর্থ | মূলধন খাতের অর্থ | মোট অবমুক্ত অর্থ |
|---------------------------------------|----------------------------------------------------------|-------------------|------------------------|-------------------|------------------|------------------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | “নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস” (কোড নং-৫-২৭১৬-৫০২০) | অনুমোদিত | ৩য় কিস্তির জিওবি অর্থ | ৬২.৫০ | ১৮৭.৫০ | ২৫০.০০ |

তবে শর্ত থাকে যে,

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বৎসরের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (কোড নং-২৭০১) এর এইচপিএনএসডিপি’র “নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস” (কোড নং-৫-২৭১৬-৫০২০) হতে বহন করা হবে ;
- উপরিউক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত) ;
- এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।
- অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে; এবং
- ছাড়কৃত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

২। এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের নং-০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতর্পন করা হয়েছে সেই অনুযায়ী জারী করা হলো।

স্বাঃ

(হুমায়রা সুলতানা)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪৯৫৪০


-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য-

স্মারক নং -৪৫.১৭৪.০০২.১৬.০০.০১৬.২০১১-০৪/১(৭)

তারিখ : ০৬.০১.২০১৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. পরিচালক, সেবা পরিদপ্তর ও লাইন ডাইরেক্টর, নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস, মতিঝিল, ঢাকা।
২. যুগ্ম-প্রধান স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. উপ-সচিব (এফএমইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(হমায়রা সুলতানা)
উপ-সচিব